


রাজতজয়ন্তী উদযাপন কমিটির বৈঠক ৩০ মার্চ সমাপনী সমাবেশ সফল করার আহ্বান

৭ ফেব্রুয়ারি সকাল ১১টায় ছাত্র ফ্রন্ট রাজতজয়ন্তী উদযাপন জাতীয় কমিটির সভা রাজতজয়ন্তী উদযাপন কমিটির আহ্বায়ক আ ক ম জহিরুল ইসলাম এর সভাপতিত্বে ও ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি ফখরুদ্দিন কবির আতিক এর পরিচালনায় তাজুল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড বজলুর রশীদ ফিরোজ, জাহেদুল হক মিলু ও রাজেকুজ্জামান রতনসহ জেলা প্রতিনিধিগণ। সভায় আগামী ৩০ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিতব্য রাজতজয়ন্তীর সমাপনী সমাবেশে ২৫ হাজার ছাত্র জমায়েতের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়। ৩০ মার্চ সকাল

১১টায় অপরাহ্নে বাংলায় উদ্বোধন, ছাত্র সমাবেশ ও শোভাযাত্রা এবং বিকেল ৪টায় রাজু ভাস্কর্য চত্বরে আলোচনা সভার ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া আমেরিকা, যুক্তরাজ্য, ভেনেজুয়েলা, নেপাল, শ্রীলংকা, ভারতসহ বিভিন্ন দেশের ছাত্রনেতৃত্বকে আমন্ত্রণের সিদ্ধান্ত হয়।

সভায় ছাত্ররাজনীতির নামে সন্ত্রাস-দখলদারিত্ব-চাঁদাবাজি-টেভারবাজি বন্ধ এবং এর বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নেয়ার দাবি জানানো হয়। পাশাপাশি সকল সন্ত্রাসী সংগঠন বর্জন করে ছাত্র আন্দোলনের আদর্শবাদী ধারাকে শক্তিশালী করতে সমাপনী সমাবেশ সফল করার আহ্বান জানানো হয়।



রাজতজয়ন্তী (১৯৮৪-২০০৯) উপলক্ষে

বিশাল ছাত্রসমাবেশ

৩০ মার্চ ২০১০, মঙ্গলবার ১ ঢাকা বিশ্ববিদ্যালয়

উদ্বোধন ও শোভাযাত্রা : বেলা ১১টা, অপরাহ্নে বাংলা
আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান : বিকেল ৪টা, রাজু ভাস্কর্য
উদ্বোধক : বিচারপতি গোলাম রব্বানী
প্রধান বক্তা : কমরেড খালেদুজ্জামান
সভাপতি : আ. ক. ম. জহিরুল ইসলাম
বক্তব্য রাখবেন শিক্ষাবিদ, বুদ্ধিজীবীসহ বিভিন্ন দেশের সংগ্রামী ছাত্র নেতৃত্ব

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট

রাজতজয়ন্তী উদযাপন জাতীয় কমিটি